

International Crimes Strategy Forum (ICSF)

101, WhiteChapel High Street, Ground Floor, London E1 7RA, United Kingdom

প্রেস রিলিজ

১৪ নভেম্বর ২০১৪

আল-জাজিরার লন্ডন কার্যালয়ের সামনে আইসিএসএফ ও সকল প্রগতিশীল সংগঠনের প্রতিবাদ সমাবেশ

কাতার ভিত্তিক সংবাদ চ্যানেল আল-জাজিরা কর্তৃক লাগাতারভাবে বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি, এবং চলমান মানবতাবিরোধী অপরাধের বিচারের উপর একপেশে এবং ক্ষেত্র বিশেষে বিভ্রান্তিকর সংবাদ এবং আলোচনা পরিবেশন, এবং এর মাধ্যমে সংবাদ মাধ্যমটির ১৯৭১ এর ঘণ্য যুদ্ধাপরাধীদের পক্ষে বিশ্ব জনমত গঠনের অপচেষ্টার সংস্থাটির লন্ডন কার্যালয়ের সামনে এক শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশের আয়োজন করে আইসিএসএফ (ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম)। এই প্রতিবাদ কর্মসূচীতে যুক্তরাজ্যভিত্তিক স্বাধীনতার স্বপক্ষের বিভিন্ন সেকুলার প্রগতিশীল সংগঠন এবং ব্যক্তিবর্গ অংশগ্রহণের মাধ্যমে সক্রিয় সংহতি প্রকাশ করেন।

প্রতিবাদ সমাবেশ থেকে আল-জাজিরার মিথ্যাচার, দায়িত্বজ্ঞানহীন এবং পক্ষপাতমূলক সংবাদ পরিবেশনের নিন্দা জানানো হয়। বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের উপর ভবিষ্যতে সঠিক খবর সঠিক দৃষ্টিভঙ্গিতে পরিবেশনের জন্য সংস্থাটির কাছ থেকে বস্তুনিষ্ঠ এবং দায়িত্বশীল সাংবাদিকতার আহ্বান জানানো হয়।

এই প্রতিবাদ কর্মসূচীতে অংশ নেয়া সংগঠনগুলো হল - ঘাতক দালাল নির্মূল কমিটি, প্রজন্ম ৭১, সৌধ, রাইজিং পাথ ফর ওয়ার হিরোইন, ক্যাম্পেইন ফর প্রোটেকশন অব রিলিজিয়াস মাইনরিটিজ ইন বাংলাদেশ (সিপিআরএম), বাংলাদেশ কমিউনিটি চার্চ, নারী চেতনা, ব্রিটিশ বাংলাদেশী উইমেন্স অরগানাইজেশন, ডকল্যান্ড থিয়েটার এন্ড পারফর্মিং আর্টস, জাসদ, আইসিটি সাপোর্ট ফোরাম, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), বাংলাদেশ যুব ইউনিয়ন, আওয়ামী আইনজীবী পরিষদ, লন্ডন মহানগর যুবলীগ, যুক্তরাজ্য মহিলা আওয়ামী লীগ, যুক্তরাজ্য আওয়ামী লীগ।

প্রেরক -

সুশান্ত দাস গুপ্ত

(আইসিএসএফ সদস্য)

ডাঃ ফেরদৌস আহমেদ ফয়সাল

(আইসিএসএফ সদস্য)

ড. বিদিত লাল দে

(আইসিএসএফ সদস্য)